

স্নাতক যুগ্ম ষাণ্মাসিক পরীক্ষা, ২০১৯

বাংলা

(সাম্মানিক)

(চতুর্থ ষাণ্মাসিক)

পাঠক্রম নং : BNGH-402

(বাংলা কথাসাহিত্য—২)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) ‘আরণ্যক’ ছাড়া বিভূতিভূষণের অন্য দুটি উপন্যাসের নাম লেখো। ‘আরণ্যক’ উপন্যাসের মূল প্রতিপাদ্য বিষয় হচ্ছে প্রকৃতির সঙ্গে মানবজীবনের গূঢ় সম্পর্ক স্থাপন। আলোচনা করো। $২+১২=১৪$

অথবা

- (খ) ‘আরণ্যক’ উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? উপন্যাসটি লেখক কাকে উৎসর্গ করেছেন? ‘আরণ্যক’ উপন্যাসে বর্ণিত নারী চরিত্রগুলির পরিচয় দাও। $১+১+১২=১৪$

- ২। (ক) ‘শৃঙ্খল’ গল্পের নায়িকা কে? কত বৎসর বয়সে তার বিবাহ হয়? “ঘৃণা অবিশ্বাস সংশয়ের দুশ্ছেদ্য জটিলতা কীভাবে দাম্পত্য-জীবনকে বিষময় করে তোলে তার ছবি ‘শৃঙ্খল’ গল্পটি।” গল্পটির বিষয়বস্তু বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো। $১+১+১২=১৪$

অথবা

- (খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের প্রথম প্রকাশিত গল্পটির নাম কী? ‘বেদেনী’ গল্পের শম্ভু বাজিকর কোন্ মেলায় প্রতি বৎসর আসে? ‘বেদেনী’ গল্পের নায়িকা চরিত্রটি বিশ্লেষণ করো। $১+১+১২=১৪$

- ৩। (ক) ‘ডোমের চিতা’ গল্পের বদন ও হারু ডোম কোথায় বাস করত? সেখানে তারা কতদিন ধরে বসবাস করছিল? ‘ডোমের চিতা’ গল্পটির বিষয়বস্তু বিশ্লেষণ করে গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। $১+১+১২=১৪$

অথবা

- (খ) ‘পুস্করা’ গল্পে কালীপুজো কোন্ রাতে হয়েছিল? “দেবি, প্রসাদ, প্রসাদ—” উক্তিটি কার? ‘পুস্করা’ গল্পটি ছোটগল্প হিসেবে কতদূর সার্থক হয়েছে, আলোচনা করো। $১+১+১২=১৪$

- ৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে কোনো দুটি) : $৪ \times ২ = ৮$

(ক) ‘আরণ্যক’-এর ধাওতাল সাহ

(খ) মতিলাল পাত্রী

(গ) ছোটগল্পের সংজ্ঞা

(ঘ) ‘আরণ্যক’-এর যুগলপ্রসাদ
